

সিরাজগঞ্জ জেলার প্রাথমিক শিক্ষায় দুর্বিষহ অবস্থা

সিরাজগঞ্জ, ২৫ জানুয়ারী
(সংবাদদাতা)।— জেলার প্রাথমিক
শিক্ষা চরম দুর্দশাগ্রস্ত হয়ে পড়েছে।
জেলার ৯টি উপজেলায় ৪৬০টি সরকারী
প্রাইমারী স্কুলের মধ্যে বেশীরভাগ
স্কুলেরই লেখাপড়ার কোন পরিবেশ
নেই।
এমন অনেক স্কুল আছে যেখানে ঘর
নেই। ঘর আছে রেড়া নেই। তাছাড়া
ছাত্রসহ শিক্ষকদের বসার কোন চেয়ার
বেঞ্চ নেই।
তথ্যানুসন্ধানে জানা যায়, সিরাজগঞ্জ
পৌর এলাকাসহ অন্যান্য ৯টি উপজেলায়
প্রায় ৬০ ভাগ স্কুল দুর্দশাগ্রস্ত।
সরকারী স্কুল ছাড়াও এ জেলায় ২শ'
১২টি বেসরকারী প্রাইমারী স্কুলের অবস্থা
অত্যন্ত শোচনীয়। এর মধ্যে বেশীরভাগ
স্কুলই স্থানীয় জনগণের টাকার উপর

নির্ভরশীল। কোন কোন স্কুল ১৫/২০
বছর যাবত সরকারীকরণের আশায়
স্থানীয় জনগণ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে বলে
জানা যায়।